# এনআইএলজি নিউজলেটার

(এনআইএলজি'র কার্যক্রম সম্পর্কিত ত্রৈমাসিক নিউজলেটার)

ইস্যু সংখ্যাঃ ১১ | অক্টোবর - ডিসেম্বর, ২০১৯




## উপজেলা পরিষদ পরিকল্পনা এবং সেবা প্রদান বিষয়ক মৌলিক প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স

উন্নয়ন সহযোগী সংস্থা জাইকা বাংলাদেশ ও বাংলাদেশ সরকারের আর্থিক সহযোগিতায় (Upazila Governance and Development Project) UGDP প্রকল্পের অর্থায়নে NILG মোট ২৩টি কোর্স বাস্তবায়ন করে। উপজেলা পরিষদের পরিকল্পনা ও সেবা প্রদান সম্পর্কিত মৌলিক প্রশিক্ষণের প্রশিক্ষক প্রশিক্ষণ (টিওটি) কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথির আসন অলংকৃত করেন প্রশিক্ষণে জনাব মোঃ তাজুল ইসলাম এমপি, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়। সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার অতিরিক্ত সচিব এনআইএলজি'র মহাপরিচালক জনাব তপন কুমার কর্মকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগ এর অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব মোঃ আমিনুল ইসলাম খান, স্থানীয় সরকার বিভাগ এর অতিরিক্ত সচিব (উপজেলা) জনাব অমিতাভ সরকার এবং Mr. Koji Mitomori, Senior Representative, JICA. বাংলাদেশের খ্যাতনামা তিনটি প্রতিষ্ঠান NILG, BARD এবং RDA এর কর্মকর্তাবৃন্দ এ প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী হিসেবে অংশগ্রহণ করেন। কোর্সের মেয়াদ ছিল ৪দিন। এই কোর্সের উদ্দেশ্য ছিল উপজেলা পরিষদের মৌলিক ভূমিকা ও কর্মসূচি এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে অবহিতকরণ এবং উপজেলা পরিষদকে শক্তিশালী, গণতান্ত্রিক ও জবাব-দিহিমূলক স্থানীয় সরকার প্রতিষ্ঠান হিসাবে গড়ে তোলা। উপজেলা পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়নের মাধ্যমে স্থানীয় সরকারের বিকেন্দ্রীকরণ ও উন্নয়ন তরান্বিত করাও ছিল এ কোর্সটির অন্যতম লক্ষ্য। এ প্রশিক্ষণে বিভিন্ন বিষয়ে মোট ২৫টি সেশন পরিচালিত হয়। এর মধ্যে উল্লেযোগ্য হলো বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থার সংক্ষিপ্ত বিবরণ, উপজেলা পরিষদের আর্থিক ব্যবস্থাপনা, ক্রয় ব্যবস্থাপনা, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮, উন্নয়ন পরিকল্পনা, উপজেলার পঞ্চ-বার্ষিক উন্নয়ন পরিকল্পনা পরিচিতি, বার্ষিক উন্নয়ন পরিকল্পনা, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (UGDP) পরিচিতি,সুশাসন সংক্রান্ত অন্যান্য বিষয়, সক্ষমতা উন্নয়ন ও অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প বাস্তবায়ন, উপজেলা পর্যায়ে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের রিপোর্টিং, আর্থিক ব্যবস্থাপনা ইত্যাদি। উক্ত টি ও টি কোর্সটিতে উপস্থিত অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ৪৫ জন। পরবর্তীতে টি ও টি প্রাপ্ত কর্মকর্তাগণের মাধ্যমে NILG-তে উক্ত প্রকল্পের আওতায় ২৩ অক্টোবর, ২০১৯ হতে ০৬ জানুয়ারি ২০২০ পর্যন্ত ৩ (তিন) দিন মেয়াদে ২৩টি কোর্স অনুষ্ঠিত হয়। ২৩টি ব্যাচে উপজেলা চেয়ারম্যান ৬৭ জন, উপজেলা নির্বাহী অফিসার ৬৩ জন, উপজেলা ভাইস চেয়ারম্যান ১৫৩ জন, বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ৩৯২ জন এবং উপজেলা পরিষদের অন্যান্য সদস্য (ইউপি চেয়ারম্যান) ২৩৫ জন অংশগ্রহন করেন।

## ইউনিয়ন পরিষদের সচিবগণের জন্য ৫১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স

এনআইএলজি ইউনিয়ন পরিষদের নবনিযুক্ত সচিবগণের জন্য ধারাবাহিকভাবে বুনিয়াদি প্রশিক্ষণের আয়োজন করে আসছে। গত ১৫ অক্টোবর হতে ১৩ নভেম্বর, ২০১৯খ্রি. মাস ব্যাপী ৫১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। কোর্সটির উদ্দেশ্য স্থানীয় পর্যায়ে ইউনিয়ন পরিষদ পরিচালনায় দক্ষ মানব সম্পদ তৈরী করা। প্রশিক্ষণ কোর্সটিতে কোর্স পরিচালকের দায়িত্ব পালন করেন জনাব মোহাম্মদ মঈনুল হোসেন, সহকারী পরিচালক, কোর্স সমন্বয়কের দায়িত্বে ছিলেন জনাব মো: মতিউর রহমান, গ্রন্থাগারিক এবং জনাব মতি আহমেদ, সহকারী গবেষণা কর্মকর্তা। কোর্সটিতে ৫(পাঁচ)টি জেলার (গোপালগঞ্জ, পটুয়াখালী, নড়াইল, দিনাজপুর ও বান্দরবন) মোট ৪০ জন ইউপি সচিব অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ মাস ব্যাপী বিভিন্ন বিষয়ে মোট ১০৮টি সেশন পরিচালিত হয়।



এদের মধ্যে উল্লেখযোগ্য হলো বাংলাদেশের সংবিধান, রাষ্ট্রীয় মূলনীতি, বাংলাদেশের রাষ্ট্রীয় কাঠামো, সাংবিধানিক প্রতিষ্ঠানসমূহ, সংবিধানে সরকারের অবস্থান, প্রশাসনে শিষ্টাচার, সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়া, নেতৃত্ব ও এর গুনাবলী, ইউনিয়ন পরিষদের সাথে সরকার, জেলা প্রশাসক, উপপরিচালক, স্থানীয় সরকার ও উপজেলা প্রশাসনের সম্পর্ক, স্থানীয় পর্যায়ে উন্নয়ন কর্মকান্ডে বেসরকারী উন্নয়ন সংস্থা ও ইউনিয়ন পরিষদের মধ্যে সমন্বয় সাধন, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ডিজিটাল নথি চালুকরণের পদ্ধতি ও প্রয়োজনীয়তা, ই-ফাইলিং, সরকারি ক্রয় আইন, ২০০৬, সরকারি ক্রয় বিধিমালা, ২০০৮, ইউনিয়ন পরিষদ (হিসাব রক্ষণ ও নিরীক্ষা) বিধিমালা, ২০১২, উৎস খাতের ভ্যাট এবং আয়কর কর্তন বিষয়ে মৌলিক ধারণা, ইউনিয়ন পরিষদ (পরিষদের পক্ষে চুক্তি সম্পাদন) বিধিমালা, ২০১২, ইউনিয়ন পরিষদ (উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, নিয়ন্ত্রণ ও বাস্তবায়ন) বিধিমালা, ২০১৩, ইউনিয়ন পরিষদের পাঁচশালা ও বাৎসরিক পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুশীলন, স্থানীয় পর্যায়ে উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন, ইউনিয়ন পরিষদ বাজেট নীতিমালা, গুরুত্ব এবং বাজেট প্রণয়ন ও অনুমোদন পদ্ধতি ও উন্মুক্ত বাজেট সভা, ইউনিয়ন পরিষদ আদর্শ কর তফসিল, ২০১৩ মোতাবেক করের উৎস, কর নীতিমালা ও কর নিরূপণ পদ্ধতি, বসতবাড়ীর কর নিরূপণ পদ্ধতি ও অন্যান্য সম্পদ আহরণের কৌশল এবং স্থানীয় সম্পদ আহরণের চ্যালেঞ্জসমূহ, হাট-বাজার ও ফেরীঘাট ইজারা নীতিমালা, ইউনিয়ন পরিষদ (সম্পত্তির ব্যবস্থাপনা, সংরক্ষণ ও হস্তান্তর) বিধিমালা, ২০১২ ইত্যাদি । প্রশিক্ষণ কোর্সটির উদ্বোধন, সমাপন ও সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এনআইএলজি'র মহাপরিচালক ও গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারর অতিরিক্ত সচিব জনাব তপন কুমার কর্মকার।

## 'অভ্যন্তরীণ দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ' বিষয়ক কোর্স



জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন গণকর্মচারীদের জন্য বাৎসরিক ৬০ ঘন্টা ব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির আওতায় প্রণীত সমন্বিত প্রশিক্ষণ ম্যানুয়েল অনুযায়ী দাপ্তরিক বিভিন্ন বিষয়ে 'অভ্যন্তরীন দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ' কোর্স বাস্তবায়ন করা হয়। এতে এনআইএলজি'র কর্মকর্তা, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারীগণ অংশগ্রহণ করেন। গত অক্টোবর-ডিসেম্বর ২০১৯ সময়ে মোট ৩টি কোর্স বাস্তবায়িত হয়েছে। এর মধ্যে এনআইএলজি'র কর্মকর্তা ১ (এক) দিন ব্যাপী ১টি কোর্সে ২৭ জন, ৩য় শ্রেণির কর্মচারীগণ ১ (এক)টি কোর্সে মোট ১৭ জন ও ৪র্থ শ্রেণির কর্মচারীদের ১(এক)টি কোর্সে মোট ২৯ জন অংশগ্রহণ করেন। অক্টোবর-ডিসেম্বর মাসে বাস্তবায়িত 'অভ্যন্তরীণ দক্ষতা বৃদ্ধি প্রশিক্ষণ' কোর্সে বাৎসরিক ক্রয় পরিকল্পনা ও দাপ্তরিক কার্য পরিচালনা ও ই-ফাইলিং বিষয়গুলোতে অধিক গুরুত্ব দেয়া হয়েছে। অংশগ্রহণকারী-দের মতামত মূল্যায়নে দেখা যায়, প্রশিক্ষণটি তাদের দায়িত্ব পালনে সহায়ক হবে বলে তারা মনে করেন।

## পি ফর ডি প্রকল্পের আওতায় কর্মশালা

উন্নয়ন সহযোগী সংস্থা Platforms for Dialogue (P4D) প্রকল্পের অর্থায়নে যথাক্রমে ০৭, ১৪ ও ১৬ অক্টোবর, ২০১৯ তারিখে ১ দিন ব্যাপী ''Sansitisation Workshop on Social Accountability Mechanism'' শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় বিভিন্ন দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানের প্রতিনিধি ও এনআইএলজি'র কর্মকর্তাসহ মোট ৫৫০ জন অংশগ্রহণ করেন। এতে আলোচক হিসেবে ছিলেন মন্ত্রীপরিষদ বিভাগের সিনিয়র কর্মকর্তাসহ প্রকল্পের কনসাল্টেন্টগণ। কর্মশালার সামগ্রিক লক্ষ্য ছিল সামাজিক জবাবদিহিতার মাধ্যমে নাগরিকদের জন্য সেবার মান উন্নত করা। এর উদ্দেশ্যগুলি ছিল:




১. অংশীজনদের সামাজিক জবাবদিহিতার উপায়সমূহ সম্পর্কে সচেতন করা যাতে তারা আরও উপর্যুক্ত সেবা সরবরাহে নিজেকে প্রস্তুত করতে পারে;
২. উল্লম্ব (Vertical) জবাবদিহিতা, সমান্তরাল (Horizontal) জবাবদিহিতা ও সামাজিক (Social) জবাবদিহিতা নিশ্চিত করে সুশাসনকে জোরদার করা;
৩. জনসেবার মান উন্নত করা;
৪. অংশগ্রহণকারীদের বিভিন্ন ধরণের অফিশিয়াল জবাবদিহিতা পদ্ধতির সাথে পরিচিত করা;
৫. সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সামাজিক জবাবদিহিতা নিশ্চিত করে সেবাদাতাগণের বিদ্যমান সমস্যাগুলো সনাক্ত করা;
৬. সুশাসন নিশ্চিত করা যাতে জনগণের সন্তুষ্টি আসে।

## সুশাসন সংহতকরণ ভ্যালিডেশন ওয়ার্কশপ

'সুশাসন সংহতকরণ ভ্যালিডেশন ওয়ার্কশপ' শিরোনামে উন্নয়ন সহযোগী সংস্থা Platforms for Dialogue (P4D) প্রকল্পের অর্থায়নে কোর্সটি আয়োজন করা হয়েছে । ওয়ার্কশপটিতে অংশগ্রহণকারী ছিলেন মন্ত্রিপরিষদ বিভাগ এবং এনআইএলজি'র প্রতিনিধিগণ । ১০ অক্টোবর, ২০১৯, ১ (এক) দিনের ওয়ার্কশপটিতে ১৯ জন অংশগ্রহণ করেন।



## সুশাসন সংহতকরণ বিষয়ক প্রশিক্ষক প্রশিক্ষণ কোর্স



উন্নয়ন সহযোগী সংস্থা Platforms for Dialogue (P4D) প্রকল্পের অর্থায়নে গত ১৯-২৩ অক্টোবর, ২০১৯ মেয়াদে ''প্রশিক্ষক প্রশিক্ষণ'' কোর্স অনুষ্ঠিত হয়। ৫(পাঁচ) দিন ব্যাপী এ প্রশিক্ষণে মোট ২৬ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ সেশনটিতে উল্লেখযোগ্য বিষয়সমূহের মধ্যে অন্তর্ভুক্ত ছিল, শিখণ তত্ত্ব, বয়স্ক শিখণ ও প্রশিক্ষণ চাহিদা নিরূপণ, প্রশিক্ষণের উদ্দেশ্য কনটেন্ট কোর্স ডিজাইনিং, প্রশিক্ষণ পদ্ধতি, প্রশিক্ষণ উপকরণ, বাস্তবায়ন, জাতীয় শুদ্ধাচার কৌশলের ধারণা, তথ্য অধিকার, সংরক্ষণ প্রকাশ ও প্রাপ্তি, তথ্য প্রদান পদ্ধতি, আপিল ও অভিযোগ, তথ্য অধিকারের আইনি কাঠামো ও বাস্তবায়ন, সেবা প্রদান প্রতিশ্রুতির ধারণা ও পটভূমি, সিটিজেনস চার্টার প্রণয়ন প্রস্তুতি ও জনগণের অংশগ্রহণ, বাস্তবায়ন কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার ধারণা এবং পটভূমি, অভিযোগ নিষ্পত্তিকরণ, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ধারণা ও বৈশিষ্ট্য, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা, কাযাবলী ও কাঠামো ইত্যাদি।

## পৌরসভা সম্পদ আহরণ ও ব্যবস্থাপনা কোর্স

উন্নয়ন সহযোগী সংস্থা National Strategy for Paurashava Governance Improvement (NSPSI) এর অর্থায়নে পৌরসভা সম্পদ আহরণ ও ব্যবস্থাপনা' কোর্সটি অনুষ্ঠিত হয়। পৌরসভার কর শাখার কর আদায়কারী ও কর নির্ধারকদের জন্য গত ১৯-২৩ অক্টোবর, ২০১৯ তারিখে ০৫ (পাঁচ)টি ব্যাচে ০২ (দুই) দিন মেয়াদে আয়োজিত প্রশিক্ষণে ১৮৩ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। পৌরসভার আদর্শ কর তফসিলসহ, কর নির্ধারণ, আদায় প্রক্রিয়া, আদায়ের ক্ষেত্রে বিভিন্ন কৌশল ও পদ্ধতি এ কোর্সে আলোচনা করা হয়।

## ইউনিয়ন পরিষদ সচিবগণের জন্য ''বুনিয়াদি রিফ্রেশার্স কোর্সের হ্যান্ডবুক'' প্রণয়নে প্রশিক্ষণ চাহিদা নিরূপন বিষয়ক কর্মশালা

রাজস্ব অর্থায়নে ইউনিয়ন পরিষদ সচিবগণের জন্য ''বুনিয়াদি রিফ্রেশার্স কোর্সের হ্যান্ডবুক'' প্রণয়নে প্রশিক্ষণ চাহিদা নিরূপন বিষয়ক কর্মশালা আয়োজন করা হয়েছে। সিলেট জেলার ইউনিয়ন পরিষদ সচিবগণদের অংশগ্রহণে ১ দিন ব্যাপী ০২ নভেম্বর, ২০১৯ মেয়াদে কোর্সটি অনুষ্ঠিত হয়। উপস্থিত অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ২০ জন।

## ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটরগণের জন্য ''ইউনিয়ন পরিষদ প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনা'' বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী কাম কম্পিউটার অপারেটরগণের জন্য ''ইউনিয়ন পরিষদ প্রশাসন ও আর্থিক ব্যবস্থাপনা'' বিষয়ক দিন ব্যাপী ১৪ নভেম্বর, ২০১৯ তারিখে ১টি প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। প্রশিক্ষণ কোর্সটিতে মোট অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ৩০ জন। এ কোর্সগুলোতে ইউনিয়ন পরিষদের আইন, ক্যাশ বই লিখন ও সংরক্ষণ পদ্ধতি, বিল ভাউচার সংরক্ষণ ও রেজিষ্টার ব্যবস্থাপনা, দৈনিক আদায় বই লিখন ও সংরক্ষণ পদ্ধতি, বাজেট নীতিমালা, বাজেট প্রণয়ন ও অনুমোদন, পরিষদের আর্থিক বিবরণী প্রস্তুত ও প্রেরণ, বিভিন্ন কর্মসূচি ব্যবস্থাপনা, ক্রয় প্রক্রিয়া, ইউনিয়ন পরিষদের বিবিধ বরাদ্দ সংক্রান্ত কার্যাবলী, ইমাররত ও ভূমির বাৎসরিক মূল্যের উপর আরোপিত কর রেজিষ্টার লিখন ও সংরক্ষণ, নথি ও পত্র লিখন ও অনুমোদন পদ্ধতি, দৈনিক ও যাতায়ত ভাতা বিল প্রস্তুতকরণ, ইউনিয়ন পরিষদ কর নীতিমালা ও আদর্শ কর তফসিল, হিসাব ও নিরীক্ষা বিধিমালা, কম্পিউটার ব্যবহার, গ্রাম আদালত বিষয়গুলো অন্তর্ভুক্ত ছিল।



## সুশাসন সংহতকরণ বিষয়ক প্রশিক্ষণ কোর্স




উন্নয়ন সহযোগী সংস্থা Platforms for Dialogue (P4D) প্রকল্পের অর্থায়নে গত ০৬ নভেম্বর, ০১ ডিসেম্বর, ২০১৯ তারিখে ০২ (দুই) দিন মেয়াদে 'সুশাসন সংহতকরণ বিষয়ক প্রশিক্ষণ' কোর্স অনুষ্ঠিত হয়। এটিতে কোর্সের সংখ্যা ছিল ১০টি। পৌরসভা প্রশিক্ষণ সেশনটিতে অন্তর্ভুক্ত বিষয়সমূহের মধ্যে উল্লেখযোগ্য ছিল জাতীয় শুদ্ধাচার কৌশলের পটভূমি, ধারণা, উদ্দেশ্য ও তাৎপর্য, জাতীয় শুদ্ধাচারের লক্ষ্যে প্রতিষ্ঠিত আইনকানুন, নিয়মনীতি, এবং পদক্ষেপ, সিটিজেনস চার্টারের ধারণা ও পটভূমি, উদ্দেশ্য, তাৎপয, মৌলিক নীতিমালা, বিদ্যমান সমস্যাসমূহ, মৌলিক উপাদানসমূহ, প্রতিশ্রুত সেবাসমূহের ধরণ, কৌশল, ফরম্যাট পূরণ পদ্ধতি, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ ও মূল্যায়ন, বাস্তবায়ন কৌশল, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার ধারণা, পটভূমি, উদ্দেশ্য, প্রকৃতি, দাখিল পদ্ধতি, যাচাই-বাছাই, অভিযোগ তদন্ত, নিষ্পত্তি, অভিযোগ ও আপিল নিষ্পত্তির সময়সীমা, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ইত্যাদি। কোর্সটিতে উপস্থিত অংশগ্রহণকারীর সংখ্যা ছিল ২৭৮ জন।

## পৌরসভা বাজেট, আর্থিক ব্যবস্থাপনা ও মনিটরিং বিষয়ক কোর্স

পৌরসভার সচিব ও হিসাব রক্ষকদের নিয়ে পৌরসভা বাজেট, আর্থিকব্যবস্থাপনা ও মনিটরিং বিষয়ক কোর্সটি National Strategy for Paurashava Governance Improvement (NSPSI) এর অর্থায়নে অনুষ্ঠিত হয়। এ কোর্সের উদ্দেশ্য হলো:

১। বিদ্যমান আইন, বিধিমালা, সরকারি নির্দেশনা/পরিপত্র মোতাবেক পৌরসভার বাজেট প্রণয়ন, বাস্তবায়ন এবং সমগ্র বছর ব্যাপী বাজেট মনিটরিং করা;

২। পৌরসভা বাজেট এর বিষয়ে নাগরিকদের সচেতনতা বৃদ্ধি করা;

৩। পৌরসভার কর্মকর্তা, কর্মচারী ও সংশ্লিষ্ট নির্বাচিত প্রতিনিধিগণের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি করা, যাতে তাঁরা অধিকতর দক্ষতা, মিতব্যয়িতা ও কার্যকারিতার সাথে আইন, বিধিমালা ও সরকার কর্তৃক জারিকৃত নির্দেশনা অনুসরণের মাধ্যমে বাজেট প্রণয়ন, বাস্তবায়ন ও মনিটরিং করতে পারেন। পৌরসভা প্রশিক্ষণ সেশনটিতে অন্তর্ভুক্ত বিষয়সমূহের মধ্যে উল্লেখযোগ্য ছিল, বাজেট প্রণয়ন পদ্ধতি, পর্যালোচনা, ধাপ, বাজেট সম্পর্কিত দলিলের সারসংক্ষেপ, বাজেট দলিলের অংশসমূহ, বাজেট এর ফরম্যাটসমূহ, বাজেট সম্পর্কিত বিধিসমূহ, বাজেট বাস্তবায়ন মনিটরিং সম্পর্কিত বিধিসমূহ, চেক-লিস্ট, পৌরসভা কর্তৃক উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত বিভিন্ন ফরমসমূহ, বাজেট বাস্তবায়ন, মনিটরিং ও প্রতিবেদন প্রণয়ন ইত্যাদি। এতে কোর্সের সংখ্যা ছিল ১০টি ।

## আইন-শৃংখলা রক্ষায় গ্রাম পুলিশের ভূমিকা

রাজস্ব অর্থায়নে এনআইএলজি কর্তৃক উপজেলা প্রশাসনের সহায়তায় উপজেলা পর্যায়ে গ্রাম এলাকায় বসবাসকারী জনসাধারণকে বিভিন্ন সেবা প্রদান এবং স্থানীয় জনশৃঙ্খলা রক্ষার্থে ''আইন-শৃংখলা রক্ষায় গ্রাম পুলিশের ভূমিকা'' শীর্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়েছে। প্রশিক্ষণ সেশনটিতে অন্তর্ভুক্ত বিষয়সমূহের মধ্যে উল্লেখ যোগ্য ছিল, গ্রাম পুলিশ বাহিনী: প্রেক্ষাপট, ইতিহাস ও আইনগত ভিত্তি এবং ইউনিয়ন পরিষদের কাঠামো, গ্রাম পুলিশ বাহিনীর চাকরির শর্তাবলী ও সুবিধাদি, গ্রাম পুলিশ বাহিনীর আচরণ, শৃংখলা, দায়িত্ব, কার্যাবলী, গ্রাম আদালত কার্যক্রম পরিচালনায় গ্রাম পুলিশ বাহিনীর ভূমিকা, যৌতুক ও বাল্যবিবাহ নিরোধ, নারী ও শিশু পাচাররোধ, জন্ম-মৃত্যু নিবন্ধন ও স্যানিটেশন কার্যক্রম, পরিবেশ সংরক্ষণ ও দুর্যোগ ব্যবস্থাপনা, সামাজিক নিরাপত্তা কার্যক্রম ও প্রতিবন্ধাকীয় কল্যাণে গ্রাম পুলিশ বাহিনীর ভূমিকা, তথ্য প্রাপ্তির অধিকার ইত্যাদি । অক্টোবর হতে ডিসেম্বর, ২০১৯ পর্যন্ত ০৩ দিন ব্যাপী ৫৬টি ব্যাচে ১৯২০ জন গ্রাম পুলিশ বাহিনীর সদস্যগণ প্রশিক্ষণটিতে অংশগ্রহণ করেন ।

## নারী উন্নয়ন ফোরাম পরিচালন বিষয়ক প্রশিক্ষণ কোর্স



স্থানীয় সরকার বিভাগ কর্তক বাস্তবায়িত Efficient and Accountable Local Governance (EALG) বা কার্যকর ও জবাবদিহিমূলক স্থানীয় সরকার'' প্রকল্পের অর্থায়নে গত ২৭-২৮ অক্টোবর, ২০১৯ মেয়াদে ''নারী উন্নয়ন ফোরাম পরিচালন বিষয়ক প্রশিক্ষণ'' কোর্স অনুষ্ঠিত হয়। এতে রিসোর্স পার্সন হিসেবে ছিলেন জাতীয় প্রকল্প পরিচালক এবং উপপ্রকল্প পরিচালকবৃন্দ, ইএএলজি। ২ (দুই) দিনব্যাপী এ প্রশিক্ষণে মোট ৬৮ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ সেশনটিতে অন্তর্ভুক্ত বিষয়সমূহের মধ্যে উল্লেখ যোগ্য ছিল ইএএলজি প্রকল্প পরিচিতি, নারী উন্নয়ন ফোরামের ভূমিকা, নারী নেতৃত্ব উন্নয়ন ও টিম বিল্ডিং, উপজেলা/ইউনিয়ন পরিষদ কার্যক্রম বান্ধবকরণ, নারী বান্ধব প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ, নারী উন্নয়ন ফোরাম এর ভূমিকা ও কার্যপরিধি, নারী উন্নয়ন ফোরাম এর সভা আয়োজন, ফোরাম এর ফেসবুক গ্রুপ তৈরী এবং পরিচালন ইত্যাদি অন্তর্ভুক্ত ছিল। নারী উন্নয়ন ফোরাম এর লক্ষ্যসমূহ হলো: ইউনিয়ন, পৌরসভা এবং উপজেলা পরিষদের নির্বাচিত নারী সদস্যদের মাধ্যমে সমাজে নারীর ন্যায্য অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠা এবং নেতৃত্বের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে পরিষদে তাদের আরও জোরালো করা এবং নারী নেতৃত্ব বিকাশের উপযোগী কার্যক্রম গ্রহণ এবং বাস্তবায়ন। এছাড়াও এর কয়েকটি বিশেষ উল্লেখযোগ্য উদ্দেশ্যও রয়েছে:

- ইউনিয়ন, পৌরসভা, উপজেলা ও জেলা পরিষদে সামগ্রিক কার্যক্রমে নারী সদস্যদের ভূমিকা জোরদার করা;
- সদস্যদের দক্ষতা বৃদ্ধি ও জেন্ডার সংবেদনশীল করা;
- বিভিন্ন নাগরিক সংগঠনের সাথে নেটওয়ার্কিং ও যোগাযোগ স্থাপন করা;
- পরিষদের উন্নয়ন কার্যক্রমে জেন্ডার সংবেদনশীলতা ও জেন্ডার সমতায় ভূমিকা রাখা;
- সমাজে পিছিয়ে পড়া অংশ হিসেবে নারীর সামগ্রিক উন্নয়ন ও সৃজনশীলতা বৃদ্ধিতে ভূমিকা রাখা এবং
- স্ব স্ব পরিষদ বা কাউন্সিলে কার্যকর ভূমিকা রাখার জন্য স্থানীয় সরকার আইন-কানুন ও কার্যক্রম ভালভাবে অবহিত হওয়া এবং ভবিষ্যতে নারীর স্বপক্ষে আইনী সংস্কারে অবদান রাখা ।

## সম্পাদকীয়

এনআইএলজি নিউজলেটারের একাদশ সংখ্যা পাঠকদের হাতে পৌঁছে দিতে পেরে আমরা আনন্দিত। প্রতিষ্ঠানের সম্পাদিত কার্যক্রম সংশ্লিষ্ট সকলকে অবহিত করার উদ্দেশ্যে আমাদের এই ক্ষুদ্র প্রয়াস। পাঠকের মতামত আমাদের এ প্রচেষ্টার উৎকর্ষ সাধনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এনআইএলজি নিউজলেটার নিয়মিত প্রকাশে সংশ্লিষ্টদের সহযোগিতা সর্বদা অব্যাহত থাকবে বলে আশা রাখছি।


## উপদেষ্টা

জনাব তপন কুমার কর্মকার, মহাপরিচালক

## সম্পাদকমন্ডলী

জনাব মোঃ আবদুল মালেক, পরিচালক (গবেষণা ও পরিকল্পনা) - সম্পাদক
জনাব মোহাম্মদ আবদুল জলিল মল্লিক, প্রকাশনা কর্মকর্তা - সদস্য
জনাব মোঃ নাজিম উদ্দিন, ডকুমেন্টেশন কর্মকর্তা - সদস্য



**জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি)**

২৯, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

পিএবিএক্স: ৫৫০০৬৯৯২, ৫৫০০৬৯৯৩, ফ্যাক্স: ৫৫০০৬৯৭৯, ৫৫০০৬৯৯৮
ই-মেইল: info@nilg.gov.bd, nilgbd@gmail.com
ফেসবুক: www.facebook.com/nilgbd, ওয়েবসাইট: nilg.gov.bd


বুক পোস্ট